

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
ঢাকা

এডি-পি১-৮২০০/৪৬৫

২২ মার্চ ২০২০

অফিস আদেশ

এই মর্মে পররাষ্ট্র মন্ত্রণালয়ে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধকল্পে মন্ত্রণালয় নানাবিধ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় নিম্নোক্ত নির্দেশনা যথাযথ ভাবে প্রতিপালনের জন্য সকলকে অনুরোধ করা যাচ্ছেঃ

- ক) সম্প্রতি করোনা ভাইরাস আক্রান্ত দেশগুলো হতে ফেরত কোন ব্যক্তির সংস্পর্শ পরিহার করা। কোন কারণে আক্রান্ত ব্যক্তি/ব্যক্তিবর্গের সংস্পর্শে এসে থাকলে আসার দিন হতে পরবর্তী ১৪ দিন প্রশাসন অনুবিভাগের অবগতিক্রমে 'সেলফ-কোয়ারেন্টিন'-এ থাকা;
- খ) মন্ত্রণালয়ে প্রবেশের পর প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীকে মূল ভবনের আর্চওয়ের নিকট বাধ্যতামূলকভাবে তাপমাত্রা পরিমাপ;
- গ) অফিস চলাকালে প্রয়োজন ব্যতিরেকে অন্য রুমে যাতায়াত করা থেকে বিরত থাকা;
- ঘ) যে সকল কর্মকর্তা/কর্মচারী মন্ত্রণালয়ের নিজস্ব পরিবহণ ব্যবস্থার বাইরে অন্য কোন উপায়ে মন্ত্রণালয়ে আগমন করেন, তাঁদের মন্ত্রণালয়ের মূল গেটের পাশের পকেট গেট দিয়ে প্রবেশ;
- ঙ) প্রবেশের সময় কর্তব্যরত নিরাপত্তাকর্মীকে মন্ত্রণালয় প্রদত্ত পরিচয় পত্র অবশ্যই দেখাতে হবে। এক্ষেত্রে প্রত্যেককে নিজ নিজ পরিচয় পত্র দৃশ্যমান অবস্থায় রাখতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

এফ. এম. বোরহান উদ্দিন  
মহাপরিচালক (প্রশাসন-অঃ দাঃ)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সকল কর্মকর্তা/কর্মচারী, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।